দামুড়হুদার সুবুলপুর গ্রামবাসীর উদ্যোগে ঐতিহ্যবাহী নৌকা বাইচ প্রতিযোগিতা

দামুড়হুদার সুবুলপুর গ্রামবাসীর উদ্যোগে ঐতিহ্যবাহী নৌকা বাইচ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে। আজ রবিবার বিকালে ভৈরব নদীর পাড়ে গ্রামবাসীর আয়োজনে এ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। বৈঠার তালে তালে বর্ণিল সাজে সজ্জিত নৌকা বাইচ দেখতে নদীর তীরে ভীড় জমায় হাজার হাজার নারী পুরুষ।

হাজার হাজার দর্শকের উপচে পড়া ভীড়ে অনুষ্ঠিত প্রতিযোগীতায় ১০টা নৌকা অংশগ্রহণ করে। প্রতিযোগিতায় ১ম স্থান অধিকার করে দৌলত হোসেনের দলের নৌকা, দ্বিতীয় ডালিম হোসেন দলের নৌকা এবং তৃতীয় আব্দুল খালেকের দলের নৌকা। বাঘাডাঙ্গা-কাঞ্চনতলার মোড় থেকে প্রায় এক কিলোমিটার এলাকা জুড়ে কয়েক রাউন্ডে চলে এ বাইচ। এই নৌকা বাইচ প্রতিযোগিতা দেখতে হাজার হাজার দর্শনার্থী ভৈরব নদীর পাড়ে এসে হাজির হন।

নৌকা বাইচ প্রতিযোগিতা পুরস্কার বিতরণী অনুষ্ঠানে আওয়ামী লীগ নেতা আমিনুল ইসলাম ফুরুই এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক হাজী শহিদুল ইসলাম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কার্পাসডাঙ্গা ইউপি চেয়ারম্যান আব্দুল করিম বিশ্বাস, সদাবরি মাধ্যমিক বিদ্যালয়ের সভাপতি ইঞ্জিনিয়ার তছিম উদ্দিন,কার্পাসডাঙ্গা পুলিশ ফাঁড়ির ইনচার্জ এসআই ইমরান হোসেন, এএসআই মসলেম উদ্দিনসহ সাংবাদিকবৃন্দ ও সুশীল সমাজের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

প্রধান অতিথির বক্তব্যে দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক হাজী শহিদুল ইসলাম বলেন এমন উচ্ছাসপূর্ণ আয়োজনে অংশ নিয়ে খুশি এলাকাবাসী। কোন কিছু প্রাপ্তির আশায় নয়, দর্শকদের আনন্দ দিতেই বাইচে অংশ নিয়েছেন তারা। বাঙ্গালীর শত বছরের ঐতিহ্যের ধারক ও বাহক নৌকা বাইচ আয়োজনে প্রয়াস অব্যাহত রাখার প্রত্যয় জানান তিনি।